

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৯০৮

শান্তিরবাজার, ২২ নভেম্বর, ২০২৪

অখিল ভারত সমবায় সপ্তাহ  
শান্তিরবাজার মহকুমায় আলোচনাচক্র

অখিল ভারত সমবায় সপ্তাহ উদযাপন উপলক্ষে সম্পত্তি শান্তিরবাজার মহকুমায় এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে অনুষ্ঠিত এই অলোচনাচক্রের উদ্বোধন করেন বিধায়ক তথা ত্রিপুরা স্টেট কোঅপারেটিভ ইউনিয়নের চেয়ারম্যান মাইলাফু মগ। আলোচনাচক্রে সভাপতিত্ব করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। আলোচনাচক্রে উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াৎ, বিধায়ক স্বপ্না মজুমদার, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য ও ভাইস চেয়ারপার্সন সত্যরত সাহা, শান্তিরবাজার ব্যবসায়ী সমিতির সভাপতি অমর মিত্র, সমবায় দপ্তরের সহকারি নিয়ামক কৃষ্ণপদ ভৌমিক প্রমুখ। আলোচনাচক্রে অতিথিগণ গ্রামীণ অর্থনীতির বিকাশে সমবায়ের ভূমিকা নিয়ে আলোচনা করেন। স্বাগত বক্তব্য রাখেন সমবায় আধিকারিক দীপক সাহা।

\*\*\*\*\*